

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

স্মারক নং-১২.০২.০০০০.০১৯.০৯.০০৯.১২(অংশ)- ২৪২

তারিখঃ ১০.০৪.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মার্চ-২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন ও প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

ক্রমিক নং	আলোচ্য বিষয় শাখা ভিত্তিক	সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা
২.	বাজার দর পর্যালোচনাঃ	<p><b>আলোচনাঃ</b> বাজার মূল্য পরিস্থিতি নিয়ে সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়। মার্চ/২০১৭ মাসের নিত্য প্রয়োজনীয় বাজার দর পর্যালোচনায় দেখা যায় যে, চাল মাঝারী, রসুন (দেশী ও আমদানীকৃত), কঁচামরিচ, বেগুন ও মিষ্টি কুমড়া বাজারদর কিছুটা বৃদ্ধি পেয়েছে এবং আটা, মসুর ডাল (দেশী ও আমদানীকৃত), পিয়াজ (দেশী ও আমদানীকৃত), আদা (আমদানীকৃত), ও আলুর দাম কিছুটা হ্রাস পেয়েছে। এছাড়াও ২০/০৩/২০১৭ তারিখের পাইকারী বাজার মূল্যের তুলনায় সর্বোচ্চ খুচরা যৌক্তিক মূল্য বিষয়ে সভায় একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়। সভায় জানানো হয়, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত যৌক্তিক মূল্যের মধ্যে অধিকাংশ পণ্য কেনা-বেচা হচ্ছে। আলোচনান্তে মহাপরিচালক বাজারদর সংগ্রহের বিষয়ে সংশ্লিষ্টদের আরও যত্নশীল হওয়ার জন্য পূরণায় পরামর্শ দেন এবং যৌক্তিক মূল্যের বিষয়টি যথাযথভাবে তদারকি পূর্বক মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p><b>সিদ্ধান্ত-১:</b> যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল মাঝারী, কঁচামরিচ, বেগুন ও মিষ্টি কুমড়াসহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)

বর্ণিতাবস্থায় উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক জেলা পর্যায়ে কৃষিপণ্যের বাজারদর যৌক্তিক মূল্যের মধ্যে রাখার লক্ষ্যে ব্যবসায়ী সমিতি/বাজার কমিটির সাথে আলোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক প্রতিবেদন দ্রুততার সাথে বিভাগীয় অফিসে এবং বিভাগীয় অফিস হতে **Compile** করে এপ্রিল ২০১৭ মাসের সমন্বয় সভার পূর্বে মহাপরিচালক বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আব্দুল রশিদ)

উপ পরিচালক (বাজার তথ্য)

ফোনঃ ৯১১৩০৫৯

বিতরণঃ

- ১। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (সকল) ( প্রতিবেদন বিভাগীয় অফিসে প্রেরণের অনুরোধসহ)।
- ২। জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী(সকল) (প্রতিবেদন বিভাগীয় অফিসে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ১। উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট ও রংপুর বিভাগ।  
(জেলা পর্যায়ে থেকে প্রতিবেদন সংগ্রহপূর্বক **Compile** করে মহাপরিচালক বরাবর প্রেরণের অনুরোধসহ)।